

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
বহিরাগমন-৪ শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

নম্বর-৫৮.০০.০০০০.০৪৩.৯৯.০০২.২৪ (অংশ-২).৯৭

তারিখঃ ৫ ফাল্গুন ১৪৩১  
১৮ ফেব্রুয়ারি ২০২৫


**পরিপত্র**

বিষয়ঃ পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশনের প্রয়োজনীয়তা শিথিলকরণ।

পাসপোর্ট সেবা সহজীকরণের লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- (ক) নতুন পাসপোর্টের আবেদনের ক্ষেত্রে অনলাইনে যাচাইকৃত জাতীয় পরিচয়পত্রের তথ্যের ভিত্তিতে আবেদনকারীগণকে পুলিশ ভেরিফিকেশন ব্যতিরেকে পাসপোর্ট প্রদান করতে হবে;
- (খ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিক এবং অপ্রাপ্ত বয়স্কদের জন্য পাসপোর্টের নতুন আবেদনের ক্ষেত্রে অনলাইনে যাচাইকৃত জন্ম নিবন্ধন সনদের তথ্যের ভিত্তিতে আবেদনকারীগণকে পুলিশ ভেরিফিকেশন ব্যতিরেকে পাসপোর্ট প্রদান করতে হবে; এবং
- (গ) পাসপোর্ট পুনঃইস্যুর ক্ষেত্রে বিদ্যমান পাসপোর্টের সাথে চাহিত মৌলিক তথ্যের (নিজ নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, জন্ম স্থান) পরিবর্তন হলে জাতীয় পরিচয়পত্রে প্রদত্ত তথ্য দিয়ে পাসপোর্ট ইস্যু করা যাবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(কাজী গোলাম তৌসিফ)

অতিরিক্ত সচিব

ফোন-০২২২৩৩৫৪৫০৮

[Email-wc.af@ssd.gov.bd](mailto:Email-wc.af@ssd.gov.bd)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
০৩. সিনিয়র সচিব/সচিব.....
০৪. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
০৫. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৬. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা
০৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৮. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
০৯. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)